তারিখ ... 12 FEB 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 7 ...

আমাদেরসময়

# শিক্ষার মান নিয়ে সংসদে রওশনের ক্ষোভ

নিজস্ব প্রতিবেদক ●
শিক্ষার মান নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন বিরোধীদলীয় নেতা রওশন এরশাদ। জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে অংশ নিয়ে দেশে শিক্ষার মান কমে যাচ্ছে বলে দাবি করেন তিনি। জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশে শিক্ষার মান অনেক বেড়েছে। তবে যুগের সঙ্গে তাল মেলাতে যে মান থাকা প্রয়োজন, সেটা নেই। শিক্ষার গুণগত মান অর্জনই সরকারের বড় চ্যালেঞ্জ। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল বিকালে জাতীয় সংসদ অধিবেশন শুরুতে নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে সম্পূরক প্রশ্নে রওশন এরশাদ এসব কথা বলেন।

রওশন এরশাদ তিনি বলেন, দেশে শিক্ষার মান কমে যাচ্ছে। বিশ্বের ১০০টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাম নেই। এরপর ঢালাওভাবে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়া হচ্ছে। শিক্ষামন্ত্রী কি কখনো ঢাকার বাইরে গিয়ে দেখেছেন, বিশ্ববিদ্যালয়গুলোর মান কি? কেন ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোর মান কমে যাচ্ছে?

জবাবে শিক্ষামন্ত্রী বলেন, আমি আজও (গতকাল) একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে গিয়েছি। বুধবার খুলনাতে দুটি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেছি। প্রতিনিয়ত আমি স্কুল-কলেজ-মাদ্রাসায় যাই। নিয়মিত খোঁজ-খবর রাখি। ফলে এ বিষয়ে প্রশ্ন তোলার সুযোগ নেই। তিনি বলেন, আমরা ক্ষমতায় এসে ৫৬টি বেসরকারি বিশ্ববিদ্যালয় পেয়েছিলাম। যার একটিও নিয়মনীতি মেনে হয়নি। তাদের অনেকটা নিয়মের মধ্যে নিয়ে এসেছি। নীতিমালার পাশাপাশি এ সংক্রান্ত আইনও প্রণয়ন করেছি। এখন ৯১টি বেসরকারি বিশ্ববিদ্যালয় হয়েছে।

শিক্ষা নিয়ে সমালোচকদের সমালোচনা করে শিক্ষামন্ত্রী বলেন, আমরা ছোটবেলা থেকে শুনে আসছি, দেশে শিক্ষার মান নিচে নেমে যাচ্ছে। এ কথা যদি সত্য হতো তাহলে দেশের শিক্ষার মান এখন ৫০ হাত মাটির নিচে থাকত। কিন্তু তা হয়নি। বরং মান অনেক বেড়েছে। তবে বর্তমান যুগের সঙ্গে তাল মেলাতে যে ধরনের মান থাকা প্রয়োজন তেমনটি হয়নি।